

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির প্রথম ভর্তি পরীক্ষা শুরু আজ

অনলাইন ডেক্স



রাজধানীর সরকারি সাত কলেজ নিয়ে গঠিত ঢাকা সেন্ট্রাল

ইউনিভার্সিটিতে (ডিসিইউ) প্রথমবারের মতো ভর্তি পরীক্ষা আজ

শুক্রবার (২২ আগস্ট) শুরু হবে। বেলা ১১টায় শুরু হয়ে ১২টায়

শেষ হবে প্রথম দিনের প্রথম শিফটের পরীক্ষা। এ

ছাড়া আগামীকাল শনিবার বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত

বিজ্ঞান ইউনিট ও বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত ব্যবসায় শিক্ষা

ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতে অংশ নিচ্ছেন প্রায়

সাড়ে ১১ হাজার ভর্তিচ্ছু।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, কলা ও সামাজিক বিজ্ঞান, বিজ্ঞান এবং

ব্যবসায় শিক্ষা বিভাগ মিলিয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে মোট আসন

সংখ্যা ১১ হাজার ১৫০টি। ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে

পরীক্ষা হবে। এর মধ্যে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে বাংলা,
ইংরেজি ও সাধারণ জ্ঞান, বিজ্ঞান ইউনিটে পদার্থ, রসায়ন ও
অন্যান্য বিষয়। ব্যবসায় শিক্ষা ইউনিটেও ১০০ নম্বরের এমসিকিউ
থাকছে।

এতে পাস নম্বর থাকছে ৪০। তবে বাংলা বা ইংরেজিতে অন্তত ১০
নম্বর থাকতে হবে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, ভর্তি পরীক্ষার ফলাফল, এসএসসি ও
এইচএসসির নম্বর মিলিয়ে মোট ১২০ নম্বরের মেধাক্রম তৈরি
করা হবে। বিষয় বরাদ্দ ২০ অঙ্গোবর এবং ভর্তি শেষ হবে ২৫
অঙ্গোবর।

ক্লাস শুরু ৩০ অঙ্গোবর।

ঢাকা কলেজে কেবল ছাত্র, ইডেন ও বদরংগ্নেসা কলেজে কেবল
ছাত্রী ভর্তি হবে। অন্য চার কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারবে।
মুক্তিযোদ্ধা সন্তান, উপজাতি, প্রতিবন্ধী, হরিজন-দলিত, ক্রীড়াবিদ
ও হিজড়া কোটার শিক্ষার্থীদেরও ন্যূনতম পাস নম্বর থাকতে হবে।